

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, শালিখা, মাগুরা
doiet.shalikhmagura.gov.bd

উপজেলা আইসিটি কমিটির সেপ্টেম্বর/২৫ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরা।
সভার তারিখ ২৫-০৯-২০২৫ খ্রিঃ
সভার সময় দুপুর ১২.৩০ ঘটিকা
স্থান উপজেলা পরিষদ কনফারেন্স রুম
উপস্থিতি উপজেলা আইসিটি কমিটির সম্মানিত সদস্য

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব বিগত সভার কার্যবিবরণী পড়ে শুনান ও সবাইকে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন এবং কার্যবিবরণীটি সকলের সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সদস্যগণ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অবদান সম্পর্কে সভাকে অবহিত করেন এবং সভায় বিস্তারিত আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র. নং	আলোচনাসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন/অগ্রগতি
০১	উপজেলা ও ইউনিয়নের ওয়েব পোর্টালের তথ্য	উপজেলার সকল সরকারি অফিস ও প্রতিটি ইউনিয়নের ওয়েব পোর্টাল বিষয়ে আলোচনা করা হয়। আইসিটি ডিভিশন ও A2I এর নির্দেশনা অনুযায়ী স্ব স্ব দপ্তর জরুরিভিত্তিতে প্রোফাইল ও শক্তিশালী পাসওয়ার্ড পরিবর্তন করে নিবেন। বাতায়নের সুরক্ষা নিশ্চিত করার জন্য বর্তমানে OTP ভেরিফিকেশন চালু করা হয়েছে। যে সকল দপ্তরসমূহের কর্মকর্তা/ কর্মচারী বদলী হয়েছেন, সেখানে নতুন কর্মকর্তা/ কর্মচারীদের তথ্য হালনাগাদ করতে হবে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্রশাসক, সচিব ও মেম্বারগণের তথ্য হালনাগাদ করতে হবে।	২.১। স্ব স্ব দপ্তর প্রয়োজন মোতাবেক প্রোফাইল/পাসওয়ার্ড পরিবর্তন করবেন। ২.২। সকল দপ্তরকে যথাযথ ভাবে তথ্য বাতায়ন হালনাগাদ করতে হবে।	সংশ্লিষ্ট অফিস প্রধান, সহকারী প্রোগ্রামার, ইউপি সচিব, ইউডিসির উদ্যোক্তা
০২	ই-সেবা কার্যক্রম:	শালিখা উপজেলায় যে সকল দপ্তরে নথি সিস্টেমে লাইভে আছে তাদের ই-নথির নতুন ভার্সন (D-Nothi) তে কাজ করার জন্য উৎসাহ ও অনুপ্রেরণা দেন।	পর্যায়ক্রমে উপজেলার অন্যান্য দপ্তরের কর্মকর্তা এবং কর্মচারীদেরকে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।	সংশ্লিষ্ট অফিস প্রধান, সহকারী প্রোগ্রামার
০৩	ডিজিটাল কম্পিউটার ল্যাব	শালিখা উপজেলায় স্থাপিত ১৩টি ICTD ডিজিটাল ল্যাবের মানিটরিং ও পরিদর্শনের কার্যক্রম নিয়মিত চলমান আছে। আসন্ন দুর্গাপূজায় শিক্ষা প্রতিষ্ঠান বন্ধকালীন সময়ে সপ্তাহে অশ্রুত (০২) দুই দিন ল্যাবের কম্পিউটারগুলো অন করে ব্যবহার করার ব্যাপারে আলোচনা হয়।	ল্যাবের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে এবং ডিজিটাল ল্যাব নিয়মিত পরিদর্শন করতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী প্রোগ্রামার ও একাডেমিক সুপারভাইজার সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ
০৪	ই ডি সি প্রকল্প	আইসিটি অধিদপ্তরের ইডিসি প্রকল্পের আওতায় শালিখা উপজেলায় ১৭১ টি প্রতিষ্ঠানে এন্ড ইউজার কানেক্টিভিটি স্থাপনের জন্য নিয়োগকৃত কোম্পানীকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের ব্যাপারে আলোচনা হয়। এ পর্যন্ত ৩৪টি প্রতিষ্ঠানে সংযোগ প্রদান সম্পন্ন হয়েছে।	EDC প্রকল্পের এন্ড ইউজার কানেক্টিভিটি স্থাপনের জন্য প্রকল্প থেকে নিয়োগকৃত কোম্পানীকে প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সহকারী প্রোগ্রামার ও শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ

০৫	Advanced AI Technology in Office বিষয়ক Training	শালিখা উপজেলার ২৫টি সরকারি দপ্তরের কর্মকর্তা / কর্মচারীদের নিয়ে "Advanced AI Technology in Office বিষয়ক Training" এর ১(এক) দিনব্যাপী প্রশিক্ষণের বরাদ্দ পওয়া গিয়েছে। অক্টোবর-২০২৫ এর মধ্যে Training সম্পন্ন করার ব্যাপারে আলোচনা হয়।	অক্টোবর-২০২৫ মাসের মধ্যে প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।	সংশ্লিষ্ট অফিস প্রধানবৃন্দ / দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি।
০৬	শিক্ষার্থীদের সাইবার সিকিউরিটি বিষয়ক সচেতনতা	আইসিটিডি ডিজিটাল ল্যাব সম্বলিত প্রতিষ্ঠান সমূহের ছাত্রছাত্রীদেরকে সাইবার নিরাপত্তা বিষয়ে সচেতন করে গড়ে তুলতে হবে। এ বিষয়ে মুক্ত পাঠে সাইবার সিকিউরিটি বিষয়ক কোর্স সম্পন্ন করা যেতে পারে।	ল্যাব পরিদর্শনের সময়ে ছাত্রছাত্রীদের নিয়ে সাইবার নিরাপত্তা বিষয়ে ক্লাস পরিচালনা করতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী প্রোগ্রামার ও একাডেমিক সুপারভাইজার সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ
০৭	বিবিধ	শিক্ষা মন্ত্রণালয়ের ল্যাব পরিচালনা নীতিমালা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের কম্পিউটার ল্যাব পরিচালনা বিষয়ে আলোচনা হয়। বর্তমান সময়ের প্রেক্ষাপটে সকলকে আইসিটি তথা সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করার ব্যাপারে আলোচনা করা হয়।	শিক্ষা মন্ত্রণালয়ের ল্যাব পরিচালনা নীতিমালা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের কম্পিউটার ল্যাব পরিচালনা করতে হবে। সোসালমিডিয়া ও আইসিটির ব্যবহারে সতর্কতা অলম্বন করতে হবে।	স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা একাডেমিক সুপারভাইজার, সহকারী প্রোগ্রামার


(মোঃ বনি আমিন)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা আইসিটি কমিটি

শালিখা, মাগুরা।

ফোন: ০১৭৩৩৩৯২৭৮০

ই-মেইল: unoshalikh@gmail.com

স্মারক নং- ৫৬.০৪.৫৫৬৬.০০০.৩১.০০৪.২৫-৩৮

তারিখ: ১০ আশ্বিন, ১৪৩২
২৫ সেপ্টেম্বর, ২০২৫

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ২) জেলা প্রশাসক, মাগুরা।
- ৩) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মাগুরা
- ৪)
- ৫) অফিস, নথি।


25.09.25

(মোঃ সুমন মিয়া)

উপজেলা আইসিটি অফিসার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
শালিখা, মাগুরা।

মোবাইল: 01937754392